



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৩.১৮/১৪৫৫/৩

তারিখ: /০১/১৪২৬ বঙ্গাব্দ:
১৫/০৪/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : চট্টগ্রাম জেলার এনায়েত বাজারস্থ মহিলা কলেজ চট্টগ্রাম এর সহকারী লাইব্রেরিয়ান জনাব আফরোজা সুলতানা এর এমপিওভুক্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার এনায়েত বাজারস্থ মহিলা কলেজ চট্টগ্রাম এর সহকারী লাইব্রেরিয়ান জনাব আফরোজা সুলতানা এর এমপিওভুক্তির জন্য আবেদন করলে আবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব আফরোজা সুলতানা বর্ণিত বিশ্ববিদ্যালয় হতে Y073001 আইডিতে ২০০৮ সালে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি ইনফরমেশন সাইন্সে পুরানো সিলেবাস অনুযায়ী ২০ ক্রেডিট সম্পন্ন করে সনদ প্রাপ্ত হন। ইউজিসির স্মারক নং- ইউজিসি/বেগবিঃ/২৮৬(০৩)/০৮/১১২৫৪, তারিখ ০৬/১২/২০১৩ মূলে ভূতাপেক্ষ অনুমোদন দিয়েছেন এবং কোর্সটি ৪০ ক্রেডিট করার নির্দেশ প্রদান করেছেন। ফলে তিনি উক্ত কোর্সের আওতাভুক্তির জন্য পুনঃভর্তি হন। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কমিটি কর্তৃক সুপারিশকৃত ইকুয়েভেলেন্স ও অতিরিক্ত একটি কোর্সসহ তিনি Y073001R আইডিতে ৪০ ক্রেডিট সম্পন্ন করে পূর্বের সনদটির স্থলে নতুন সনদ প্রাপ্ত হন। তাই পূর্বের সনদটি ফেরত দিয়ে নতুন সনদ গ্রহণ করেন। ফলে নতুন Y073001R সনদটি পূর্বের Y073001 সনদটির প্রতিস্থাপিত সনদ হিসেবে বিবেচিত হবে মর্মে প্রত্যয়ন করেন।

এমতাবস্থায়, জনাব আফরোজা সুলতানার ২০০৮ সালে অর্জিত প্রথম ২০ ক্রেডিটে গ্রন্থাগারিক ডিপ্লোমা সনদ পরবর্তীতে ২০১৭ সালের অর্জিত ৪০ ক্রেডিটে গ্রন্থাগারিক ডিপ্লোমা সনদের প্রতিস্থাপিত কিনা তার মতামত শ্রেরণের জন্য বিষয়টি নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ২টি ডিপ্লোমা সনদের ফটোকপি

চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, ই-১৮/এ আগারগাঁও প্র/এ,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।


(ফারহানা আক্তার)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, মহিলা কলেজ চট্টগ্রাম, এনায়েতবাজার, চট্টগ্রাম।
- ২। অধ্যক্ষ, মহিলা কলেজ চট্টগ্রাম, এনায়েতবাজার, চট্টগ্রাম।
- ৩। সংরক্ষণ নথি।